

বজবজ কলেজ

বিজ্ঞপ্তি

০৩/০২/১৮

তৃতীয় বর্ষে পাঠরত সকল ছাত্রছাত্রীদের মধ্যে শুধুমাত্র পার্ট-৩ নির্বাচনী (টেষ্ট) পরীক্ষা ২০১৭-১৮-এ উত্তীর্ণ হওয়া ছাত্রছাত্রীদের জানানো যাইতেছে যে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ২০১৮ সালের পার্ট-৩ (জেনারেল) পরীক্ষার ফর্ম পূরণের কার্যাদি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি নং - CE/R&F/09/18/13 dated 02.02.2018 অনুযায়ী অনলাইনে ০৩/০২/২০১৮ তারিখ হইতে হইবে।

যে সকল ছাত্রছাত্রী কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ২০১৭ সাল ও পূর্ববর্তী পার্ট-৩ (জেনারেল) পরীক্ষায় অকৃতকার্য হইয়াছে তাহাদেরও উক্ত পদ্ধতিতে ফর্ম পূরণ করিতে হইবে।
যে সকল ছাত্রছাত্রীদের নাম উক্ত ওয়েবসাইটে থাকিবে না, তাদের কলেজ অফিসে সত্ত্বর যোগাযোগ করিতে নির্দেশ দেওয়া হইতেছে।

অনলাইনে ফর্ম পূরণের পর উক্ত ফর্মের প্রিন্টআউট সম্পূর্ণভাবে পূরণ করিয়া নিম্নবর্ণিত কর্মসূচী অনুযায়ী কলেজ অফিসে জমা করিতে হইবে। অনলাইন-এ কোন পরীক্ষার ফি জমা করিতে হইবে না। সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের কলেজের সকল বকেয়া বেতন (মে মাস ২০১৮ অবধি) এবং পরীক্ষার ফি জমা করিতে হইবে। পরীক্ষার ফি-এর পরিমাণ উক্ত ফর্মের প্রিন্টআউটে উল্লেখ থাকিবো। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ২০১৭ সাল ও পূর্ববর্তী পার্ট-৩ (জেনারেল) পরীক্ষায় অকৃতকার্য ছাত্রছাত্রীদের অতিরিক্ত ১০০ টাকা Enrollment ফি হিসাবে জমা করিতে হইবে।

পূরণ করা ফর্ম কলেজ অফিসে আগামী ০৫/০২/২০১৮ (সোমবার), ০৬/০২/২০১৮ (মঙ্গলবার) এবং ০৭/০২/২০১৮ (বুধবার) জমা করিতে হইবে। ০৭/০২/২০১৮ তারিখে যে সকল ছাত্রছাত্রী মাহিনা মকুবের আবেদন করেছে এবং কলেজ কর্তৃপক্ষ কর্তৃক আবেদন গৃহীত হয়েছে এমন ছাত্রছাত্রীরা ফর্ম জমা করিতে পারিবো।

প্রত্যেক ছাত্রছাত্রীদের নিজস্ব ফর্ম নিজেকেই জমা করিতে হইবে এবং নির্দিষ্ট দিনেই ফর্ম জমা করিতে হইবে। ০৭/০২/২০১৮ তারিখের (৫:০০টা অবধি) পরে কোন ফর্ম জমা নেওয়া হইবে না এবং এর জন্য কলেজ কর্তৃপক্ষ কোন দায়িত্ব লইবে না।

Dr. Debjani Datta

ড: দেবযানী দত্ত

৩/০২/১৮

DR. DEBJANI DATTA
Principal
Budge Budge College

Verified
Budge Budge College